



বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিট  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

স্মারক নং -ঢাকা বোর্ড/বিইউইউ-সেসিপ/মাধ্যমিক পর্যায়/ধারাবাহিক মূল্যায়ন প্রশিক্ষণ/২০১৭/১৮/ ১৬৭৯

তারিখ: ১০/০৩/২০২০

বিষয় : ৬ষ্ঠ-৮ম শ্রেণির শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য এবং চারু ও কারুকলা বিষয়ে পরিমার্জিত ধারাবাহিক মূল্যায়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য শিক্ষক নির্দেশিকাটি নিজ নিজ শিক্ষাবোর্ডের Website-এ Upload করা প্রসঙ্গে।

সূত্র -৩৭.০২.০০০০.১০৭.৩১.১১৩.২০২০/৫৫৫, তারিখ : ০৪/০৩/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর নির্দেশনায় এবং মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের তত্ত্বাবধানে ৬ষ্ঠ শ্রেণির শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য এবং চারু ও কারুকলা বিষয়ের ধারাবাহিক মূল্যায়ন কার্যক্রম শুরু হতে যাচ্ছে। ধারাবাহিক মূল্যায়ন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর তত্ত্বাবধানে বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিট (BEDU) শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য এবং চারু ও কারুকলা বিষয়ের ম্যানুয়াল দু'টি প্রণয়ন করেছে। এই ম্যানুয়াল দু'টিতে প্রতিটি শ্রেণি কার্যক্রম কিভাবে পরিচালিত হবে তার বিস্তারিত নির্দেশনা দেওয়া আছে। ম্যানুয়াল দু'টির নির্দেশনা অনুযায়ী বিষয় শিক্ষকগণ শ্রেণিতে পাঠদান করলে কার্যকর ধারাবাহিক মূল্যায়ন কার্যক্রম পরিচালিত হবে। শিক্ষা বোর্ডসমূহের চেয়ারম্যান মহোদয়গণকে ঢাকা শিক্ষাবোর্ডের Website-এ আপলোডকৃত দু'টি ম্যানুয়াল, পরিপত্র এবং পত্রটি তাঁদের নিজ শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে Upload করা অথবা ঢাকা শিক্ষা বোর্ডের Website এর Link সংযুক্ত করার জন্য অনুরোধ করা যাচ্ছে। এখানে উল্লেখ্য যে, আপনার শিক্ষা বোর্ডের আওতাধীন প্রতিষ্ঠান প্রধানগণ এই ম্যানুয়াল দু'টি Download করবেন এবং সংশ্লিষ্ট বিষয় শিক্ষকের কাছে হস্তান্তর করবেন। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে। শিক্ষার্থীর শিখন অর্জনে ধারাবাহিক মূল্যায়ন কার্যক্রমটি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সবার সহযোগিতা কাম্য।

ম্যানুয়াল বিষয়ক যেকোনো অস্পষ্টতা দূর করার জন্য বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর সাথে যোগাযোগ করা যেতে পারে। বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিটের ই-মেইল [bedubise@yahoo.com](mailto:bedubise@yahoo.com) এবং ফোন নং : ০২-৫৮৬১০২৫৫।

(প্রফেসর মুঃ জিয়াউল হক)

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা।

ও

সভাপতি, বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি

ফোন : ৯৬১৫২৩৫

চেয়ারম্যান

ঢাকা/কুমিল্লা/বরিশাল/যশোর/রাজশাহী/সিলেট/দিনাজপুর/

চট্টগ্রাম/ময়মনসিংহ ও বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও প্রোগ্রাম পরিচালক, সেসিপ, ঢাকা।
৩. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেসিপ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা/কুমিল্লা/বরিশাল/যশোর/রাজশাহী/সিলেট/দিনাজপুর/ চট্টগ্রাম/ময়মনসিংহ ও বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড, ঢাকা।
৬. পরিচালক (মাধ্যমিক/প্রশিক্ষণ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষাভবন, ঢাকা।
৭. জেলা প্রশাসক (সকল)
৮. আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/খুলনা/ময়মনসিংহ/রংপুর/বরিশাল/সিলেট/কুমিল্লা/চট্টগ্রাম অঞ্চল।
৯. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)
১০. থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

১. সচিব/রেজিস্ট্রার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/কুমিল্লা/বরিশাল/যশোর/রাজশাহী/সিলেট/দিনাজপুর/ চট্টগ্রাম/ময়মনসিংহ ও বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড, ঢাকা।
২. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/কুমিল্লা/বরিশাল/যশোর/রাজশাহী/সিলেট/দিনাজপুর/ময়মনসিংহ ও বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড, ঢাকা।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট/সিস্টেম এনালিস্ট, ঢাকা/কুমিল্লা/বরিশাল/যশোর/রাজশাহী/সিলেট/দিনাজপুর/ চট্টগ্রাম/ময়মনসিংহ ও বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড, ঢাকা।
৪. অফিস কপি।